দৈনিক সংবাদ

52

তারিখ 24 DEC 1998 ...
পৃষ্ঠা 2 কলাম 4 ...

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষার্থীদের চরম ভোগান্তি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ২৩শে ডিসেম্বর।- রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবারের ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে অনার্স প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার ফরমের সঙ্গে এসএসসি ও এইচএসসি পাসের মূল অথবা সাময়িক সনদপত্র সংযুক্ত করার নিয়ম প্রবর্তন করায় হাজার হাজার ভর্তিচ্ছু ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারছে না।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষে ভর্তির নিয়মানুযায়ী ১৯৯৭ ও ১৯৯৮ সালে এইচএসসি পাস করা ছাত্রছাত্রীরা আবেদন করতে পারবে। রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ জানায়, চলতি বছর '৯৫ সালের এইচএসসি পরীক্ষার মূল সনদপত্র দেয়া হচ্ছে। '৯৮ সালের সনদপত্র দেয়া হবে দু'হাজার সালে। বোর্ড থেকে সাময়িক সনদপত্র দেয়ার নিয়ম থাকলেও বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু হাজার হাজার শিক্ষার্থীকে অল্প সময়ে তা দেয়া সম্ভব হবে না বলে সূত্র জানায়। বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরম জমা দেয়ার শেষ তারিখ হলো ২৪শে জানুয়ারি।

এদিকে, শত শত ছাত্রছাত্রী প্রতিদিন সাময়িক সনদপত্রের জন্য বোর্ডে ধরনা দিচ্ছে। মোটা অংকের উৎকোচের বিনিময়ে কেউ কেউ সংগ্রহ করতে পারলেও দূর-দূরান্ত থেকে আগতরা আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। আবার অনেকে ফিরেও যাচ্ছে।

### বিভিন্ন অথরিটির নির্বাচন

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ বডির শিক্ষক প্রতিনিধি নির্বাচন আগামী ৪ঠা জানুয়ারি অনুষ্ঠিত হবে।

গতকাল মনোনয়নপত্র জমাদানের শেষ দিনে ১৮টি পদে দুটি প্যানেল ৩৬টি মনোনয়নপত্র জমা পড়েছে।

### ধর্মঘট আহ্বান, তদন্ত দাবি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরের অনিয়ম ও দুর্নীতি সংক্রান্ত গঠিত কমিটির রিপোর্টকে একপেশে উল্লেখ করে তা বাতিল এবং বিচার বিভাগীয় তদন্ত দাবি করেছে।

গতকাল কর্মকর্তা-কর্মচারী ঐক্য পরিষদের এক সভায় মাদারবখ্শ হলের প্রাধ্যক্ষ ডঃ মুঃ আখতারুজ্জামানের অর্থ আত্মসাতের রিপোর্ট প্রকাশ না করায় ক্ষোভ প্রকাশ করা হয়। এছাড়া সভায় নিয়োগ কমিটিসহ স্বার্থসংশ্লিষ্ট সমস্ত কমিটিতে স্ব-স্ব সমিতির প্রতিনিধিত্ব প্রবর্তন ও পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরের তদন্ত রিপোর্ট বাতিল ও বিচার বিভাগীয় তদন্তের দাবিতে আগামী ২৬, ২৭ ও ২৮শে ডিসেম্বর ক্যাম্পাসে পূর্ণ ধর্মঘট পালন করার সিদ্ধান্ত নেয় কর্মকর্তা-কর্মচারী ঐক্য পরিষদ।